



Postgraduate Diploma (PGD) in Information
and Communication Technology Program
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

১৩তম ব্যাচে ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

আবেদনের বর্ধিত সময় : জুলাই ১৩, ২০১৭
ভর্তি পরীক্ষা : জুলাই ১৫, ২০১৭

কম্পিউটার বিজ্ঞান বিষয়ে দক্ষ প্রোগ্রামার/প্রশিক্ষক তৈরীর লক্ষ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত এক বছর মেয়াদী Postgraduate Diploma in Information and Communication Technology (PGD-in-ICT) Program-এ ২০১৭-২০১৮ সেশনে ভর্তিচ্ছুকদের কাছ থেকে নির্ধারিত ফরমে অনলাইনে আবেদন পত্র আহবান করা হচ্ছে।

PGD-in-ICT Program করার সুবিধা :

নন-আইটি প্র্যাজুয়েটবৃন্দের জন্য আইটি ফিল্ডে প্রবেশের সুবর্ণ সুযোগ। সফলভাবে PGD-in-ICT সম্পন্নের পর বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়সহ অন্য প্রতিষ্ঠান থেকে IT, ICT বা CSE বিষয়ে মাস্টার্স এবং PhD করার সুযোগ। এছাড়া রয়েছে IT ফিল্ডে চাকুরির সুযোগ।

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য শর্তাবলী :

- (ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- (খ) বাংলাদেশের যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ব্যাচেলর ডিগ্রী থাকতে হবে। এস.এস.সি. হতে স্নাতক পর্যন্ত সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী বা সিজিপিএ ২.৫০ থাকতে হবে।
স্নাতক ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করেছেন কিন্তু রেজাল্ট হয়নি এমন প্রার্থী আবেদন করতে পারবেন। তবে পিজিডি'র প্রথম টার্ম ফাইনাল পরীক্ষার আগে স্নাতক পাশের সার্টিফিকেট জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- (গ) বয়স: সর্বোচ্চ ৪৫ বছর।
- (ঘ) PGD-in-ICT Program পরিচালনা কমিটি দ্বারা অনুমোদিত রুটিন অনুযায়ী সকাল ১০:০০ হতে সন্ধ্যা ৬:০০ পর্যন্ত (২ ঘন্টার বিরতিসহ) **সপ্তাহে ২ দিন (শুক্রবার ও শনিবার)** ক্লাশ অনুষ্ঠিত হবে।
- (ঙ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক কোন রকম আবাসন এবং পরিবহন সুবিধা প্রদান করা হবে না।
- (চ) ভর্তির সময় কোর্স ফী বাবদ (অফেরৎ যোগ্য) এককালীন ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা প্রদান করতে হবে। বাকুবির শিক্ষার্থীদের জন্য ২৫% ডিসকাউন্ট।
- (ছ) এই প্রোগ্রামে পাবলিক সেক্টরের কর্মকর্তা/কর্মচারীরা স্ব স্ব নিয়োগকারীর নিকট হতে লিখিত অনুমোদন সাপেক্ষে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ভর্তি হতে পারবেন।
- (জ) ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধার ভিত্তিতে ৫৫ (পঞ্চাশ) জন সফল প্রার্থীকে ভর্তি করা হবে। ১ ঘন্টার ৫০ নম্বরের MCQ ভর্তি পরীক্ষায় ইংরেজী (১০), সাধারণ বিজ্ঞান (১০), সাধারণ গণিত (১৫) এবং আইসিটি (ICT) (১৫) বিষয়গুলো অর্ন্তভুক্ত থাকবে।
- (ঝ) আগামী জুলাই ১৩, ২০১৭ তারিখের মধ্যে অন-লাইনে (<http://pgd.bau.edu.bd/>) আবেদন করা যাবে।
- (ঞ) ভর্তি পরীক্ষা জুলাই ১৫, ২০১৭ তারিখ, শনিবার, সকাল ১১:০০ - ১২.০০ টায় কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদীয় গ্যালারী-১ এ অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার ফলাফল জুলাই ১৫, ২০১৭ ইং তারিখ সন্ধ্যায় পিজিডি'র নোটিশ বোর্ডে এবং পিজিডি ও বাকুবির ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এছাড়াও প্রার্থীদের মোবাইলে SMS এর মাধ্যমে ফলাফল জানানো হবে।
- (ট) মেধা তালিকা হতে ভর্তি : জুলাই ১৬, ১৭ ও ১৮, ২০১৭ইং, রবি, সোম ও মঙ্গলবার, সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০ পর্যন্ত।
- (ঠ) অপেক্ষামান তালিকা হতে ভর্তি: জুলাই ১৯ ও ২০, ২০১৭ইং, বুধ ও বৃহস্পতিবার সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০ পর্যন্ত।
- (ড) ক্লাশ শুরুর তারিখ : জুলাই ২১, ২০১৭ইং, শুক্রবার, সকাল ১০.০০।
- (ঢ) উপরোল্লিখিত যে কোন বিষয়ের পরিবর্তন বা পরিবর্তন করার ক্ষমতা পিজিডি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদনের নিয়মাবলী :

পিজিডি-ইন-আইসিটি'র ওয়েব সাইটে (<http://pgd.bau.edu.bd/>) আবেদন ফরম পূরণ করে পিন নম্বর সংগ্রহকরতে হবে। **ওয়েব সাইটে উল্লেখিত নিয়মে** ডাচ-বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে (বিলার আইডি- ৩৪৪) পরীক্ষার ফি বাবদ ৬০০.০০ (ছয়শত) টাকা জমা দিতে হবে। ফরম পূরণ ও পরীক্ষার ফি জমা দেয়ার শেষ তারিখ **জুলাই ১৩, ২০১৭**। পরীক্ষার ফি পরিশোধের ৭২ ঘন্টা পর ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নির্ধারিত ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে। প্রয়োজনে পিজিডি অফিসে এসেও আবেদন করা যাবে।

(ড. মোহাম্মদ জিয়াউর রহমান)

পরিচালক, পিজিডি-ইন-আইসিটি প্রোগ্রাম ও

সহযোগী প্রফেসর, কম্পিউটার সায়েন্স এন্ড ম্যাথমেটিক্স বিভাগ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২।

যোগাযোগ :

পরিচালকঃ

01951324633, (091) 67401-6/Ext. 68517

ই-মেইল : gea_bau@yahoo.com

অফিসঃ

01911298886, (091) 67414, (091) 67401-6/Ext. 6870

ই-মেইল : pgd@bau.edu.bd